

৮ সেপ্টেম্বর ২০১৫

২৪ ভাদ্র ১৪২২ ২৩ জিলকদ ১৪৩৬, রেজি. নং ডিএ ৪০৬৪, বর্ষ ১১ সংখ্যা ১৬৬



অষ্টম জাতীয় বেতন স্কেল অনুমোদন

গ্রেড	বেতন স্কেল ২০০৯	বেতন স্কেল ২০১৫	গ্রেড	বেতন স্কেল ২০০৯	বেতন স্কেল ২০১৫
গ্রেড-১	৪০,০০০ (নির্ধারিত)	৭৮,০০০ (নির্ধারিত)	গ্রেড-১১	৬,৪০০-১৪,২৫৫	১২,৫০০-৩২,২৪০
গ্রেড-২	৩৩,৫০০-৩৯,৫০০	৬৬,০০০-৭৬,৪৯০	গ্রেড-১২	৫,৯০০-১৩,১২৫	১১,৩০০-২৭,৩০০
গ্রেড-৩	২৯,০০০-৩৫,৬০০	৫৬,৫০০-৭৪,৪০০	গ্রেড-১৩	৫,৫০০-১২,০৯৫	১১,০০০-২৬,৫৯০
গ্রেড-৪	২৫,৭৫০-৩৩,৭৫০	৫০,০০০-৭১,২০০	গ্রেড-১৪	৫,২০০-১১,২৩৫	১০,২০০-২৪,৬৮০
গ্রেড-৫	২২,২৫০-৩১,২৫০	৪৩,০০০-৬৯,৮৫০	গ্রেড-১৫	৪,৯০০-১০,৪৫০	৯,৭০০-২৩,৪৯০
গ্রেড-৬	১৮,৫০০-২৯,৭০০	৩৫,৫০০-৬৭,০১০	গ্রেড-১৬	৪,৭০০-৯,৭৪৫	৯,৩০০-২২,৪৯০
গ্রেড-৭	১৫,০০০-২৬,২০০	২৯,০০০-৬৩,৪১০	গ্রেড-১৭	৪,৫০০-৯,০৯৫	৯,০০০-২১,৮০০
গ্রেড-৮	১২,০০০-২১,৬০০	২৩,০০০-৫৫,৪৬০	গ্রেড-১৮	৪,৪০০-৮,৫৮০	৮,৮০০-২১,৩১০
গ্রেড-৯	১১,০০০-২০,৩৭০	২২,০০০-৫৩,০৬০	গ্রেড-১৯	৪,২৫০-৮,১৪০	৮,৫০০-২০,৫৭০
গ্রেড-১০	৮,০০০-১৬,৫৪০	১৬,০০০-৩৮,৬৪০	গ্রেড-২০	৪,১০০-৭,৭৪০	৮,২৫০-২০,০১০

বেতন বাড়ল দ্বিগুণ

গত জুলাই থেকে কার্যকর • টাইমস্কেল ও সিলেকশন গ্রেড নেই
• ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীতে বিভাজনের ব্যবস্থা বিলুপ্ত

■ বিশেষ প্রতিনিধি
সরকারি চাকরিজীবীদের বহুল প্রত্যাশিত নতুন বেতন কাঠামো অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। এ খবর ছড়িয়ে পড়ার পর বাংলাদেশ সচিবালয়সহ সারাদেশে সরকারি অফিস-আদালতে আনন্দের বন্যা বয়ে যায়। নতুন স্কেলে মূল বেতন সর্বোচ্চ ৭৮ হাজার টাকা এবং সর্বনিম্ন আট হাজার ২৫০ টাকা। সর্বোচ্চ গ্রেডে বর্তমানের চেয়ে ৯৫ শতাংশ ও সর্বনিম্ন গ্রেডে শতভাগের বেশি মূল বেতন বাড়ানো হয়েছে। নতুন বেতন কাঠামো গত জুলাই থেকে কার্যকর করার ঘোষণা দেওয়া হয়েছে। তবে এখন শুধু বেতন বাড়বে। ভাতা

বাড়বে আগামী বছরের জুলাই থেকে। গতকাল সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে নতুন পে স্কেলের প্রস্তাব অনুমোদন দেওয়া হয়। সর্বশেষ সরকারি চাকরিজীবীদের বেতন ভাতা বাড়ানো হয় ২০০৯ সালে।

এমপিওভুক্ত শিক্ষকরাও সরকারি চাকরিজীবীদের মতো গত ১ জুলাই থেকে নতুন পে স্কেল অনুযায়ী বেতন পাবেন। তবে পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের গ্রেড-১ অনুযায়ী বেতন দেওয়ার বিষয়ে এখন পর্যন্ত কোনো সিদ্ধান্ত হয়নি। তাদের বিষয়টি ■ পৃষ্ঠা ১৫ : কলাম ১

খশি সরকারি চাকুরেরা • মূল্যায়িতর শঙ্কা : পৃষ্ঠা-১৯